গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
www.comilla.gov.bd
(স্থানীয় সরকার শাখা)

স্মারক নং-০৫.২০.১৯০০.০০৯.১১.০০২.১৫- ৭৪৪

তারিখ : ০২/০৬/১৪২২ বঙ্গাব্দ
১৭/০৯/২০১৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা এর ০৫/০৩/২০০৮ তারিখের স্থাসবি/ইপ/বিবিধ-২৮/৯৫/২৯৬(৬৪) নং স্মারকপত্রের আলোকে কুমিল্লা জেলার ইউনিয়ন পরিষদ সচিব এর শূন্য পদে লোক নিয়োগ এবং আগামী এক বছরের জন্য নিয়োগ প্যানেল প্রস্তুতের লক্ষ্যে কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত ও স্বাক্ষরিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### শর্তাবলী

০১। বেতন স্কেল : ৫২০০-৩২০x৭-৭৪৪০-ইবি-৩৪৫x১১-১১২৩৫/- টাকা (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী) তৎসহ সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদি।

০২। শিক্ষাগত যোগ্যতা : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি।

০৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৪। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামী এবং মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, ১৮/১০/২০১৫ তারিখে বয়স, কম্পিউটারে পারদর্শীতার বিবরণ ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে এবং শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নলিখিত ছকে প্রদান করতে হবে।

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণী | উত্তীর্ণ হওয়ার বছর |
|---|---|---|---|---|

০৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
(ক) কুমিল্লা সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (মূল কপি)
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী ও সীল সম্বলিত) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূল কপি)
(গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণসরূপ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী ও সীল সম্বলিত) কর্তৃক সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (মার্কসীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)
(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবী ও সীল সম্বলিত) কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি।
(ঙ) যে কোন তফসীলী ব্যাংক হতে জেলা প্রশাসক, কুমিল্লা এর অনুকূলে ২০০/- ( দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
(চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সত্যায়িত সনদ (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দিয়ে সত্যায়িত)।

০৬। প্রার্থীর বয়সসীমা ১৮/১০/২০১৫ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

০৭। প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে পিতামহের/মাতামহের মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং তার সাথে সম্পর্কের উপযুক্ত প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

০৮। আগামী ১৮/১০/২০১৫ তারিখ রবিবার এর মধ্যে অফিস চলাকালীন আবেদনকারীর স্বহস্তে লিখিত আবেদনপত্র জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়ের Front Desk-এ (কক্ষ নং-১১২) অথবা সরাসরি ডাকযোগে জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনে এবং খামের উপরে কোটার নাম ও খামের উপরে "ইউনিয়ন পরিষদ সচিব পদের জন্য আবেদন" উল্লেখ করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

০৯। প্রার্থীর নির্ভুল নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকেট লাগানোসহ একটি ১০"x৫" ইঞ্চি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১০। এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর/উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

১১। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরকে আবেদনের সাথে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১২। উপজাতি প্রার্থীর ক্ষেত্রে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৩। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতি অনুসরণ করা হবে।

১৪। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। চাকরীরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন (এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না)।

১৬। নিয়োগ সংক্রান্ত সরকারি অন্যান্য শর্তাবলী অক্ষুন্ন থাকবে। দরখাস্ত বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হবে।

১৭। নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা এর কোন শর্ত সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাঃ-

মোঃ হাসানুজ্জামান কল্লোল
জেলা প্রশাসক
কুমিল্লা
ফোন ঃ ০৮১-৬০৩০১
dccomilla@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.১৯০০.০০৯.১১.০০২.১৫-৭৪৪ /১(১০০)

তারিখ : ০২/০৬/১৪২২ বঙ্গাব্দ
১৭/০৯/২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতির জন্য

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

০১। জেলা প্রশাসক,..................................................(সকল)।

০২। পুলিশ সুপার, কুমিল্লা।

০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা/কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা।

০৪। ......................................................................................................কুমিল্লা (জেলা পর্যায়ের কর্মকর্তা)।

০৫। উপজেলা নির্বাহী অফিসার,.....................................................(সকল), কুমিল্লা। তাঁর উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদে নিয়োগ বিজ্ঞপ্তির কপি প্রেরণপূর্বক বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। মেয়র/প্রশাসক,.........................................................পৌরসভা (সকল), কুমিল্লা।

০৭। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা।

০৮। সম্পাদক, দৈনিক সংবাদ/দৈনিক আমাদের সময়/দৈনিক কুমিল্লার কাগজ, ঢাকা/কুমিল্লা। নিয়োগ বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য সংক্ষিপ্ত পরিসরে ভিতরের পাতায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। অফিস কপি।

১০। নোটিশ বোর্ড।

মোঃ হাসানুজ্জামান কল্লোল
জেলা প্রশাসক
কুমিল্লা
ফোন ঃ ০৮১-৬০৩০১
dccomilla@mopa.gov.bd